



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 3rd Semester Examination, 2023-24

BNGACOR05T-BENGALI (CC5)



Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রাঙ্গিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

- ১। উপমা অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ উপমা অলঙ্কারের বিভিন্ন বিভাগ সম্পর্কে আলোচনা করো। ২+৮
অথবা
উদাহরণসহ বুঝিয়ে দাও: (যে-কোনো দুটি) ৫×২ = ১০
সমাসোক্তি, প্রতীয়মানোৎপ্রেক্ষা, অপহুতি, শ্লেষ।
- ২। নিম্নোক্ত যে-কোনো দুটি কাব্যংশের অলঙ্কার নির্ণয় করো: ৫×২ = ১০
(ক) ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা
জীবনের জয়গান।
(খ) ডুব দে রে মন কালী বলে
হৃদি-রত্নাকরের অগাধ জলে।
(গ) হাথক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল॥
হৃদয়ক মৃগমদ গীমক হার।
দেহক সরবস গেহক সার॥
(ঘ) মশায়, দেশান্তরী করল আমায়
কেশনগরের মশায়।
- ৩। দলবৃত্ত ছন্দোবীতির সংজ্ঞা ও বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে দাও। ১০
অথবা
সংক্ষিপ্ত পরিচয় দাও: (যে-কোনো দুটি)
পংক্তি, চরণ, স্তবক, লয়।
- ৪। নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করো: ৫×২ = ১০
(ক) তোমারে ডাকিনু যবে কুঞ্জবনে
তখনো আমের বনে গন্ধ ছিল।
জানি না কী লাগি ছিল অন্যমনে,
তোমার দুয়ার কেন বন্ধ ছিল।

(খ) ঠাকুরমা দ্রুততালে ছড়া যেত পড়ে,
ভাবখানা মনে আছে - বউ আসে চতুর্দোলা চড়ে
আম কাঁঠালের ছায়ে,
গলায় মোতির মালা, সোনার চরণচক্র পায়ে।

(গ) গগনে অবঘন মেহ দারুণ
সঘনে দামিনী বলকই।
কুলিশ-পাতন শব্দ বানবান
পবন খরতর বলগই॥

(ঘ) প্রাণধন বিদ্যালভ ব্যাপারের তরে।
খোয়াব তনুর তরী প্রবাস-সাগরে॥
যদি কালী কুল দেন কুলে আগমন।
মস্ত্রের সাধন কিংবা শরীর পাতন॥



৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

৫×২ = ১০

(ক) বিভাবনা ও বিষম অলঙ্কারের মধ্যে পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও।

৫

(খ) এ পুরীর পথ-মাঝে যত আছে শিলা,
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।

৫

— কাব্যংশে প্রযুক্ত অলঙ্কারটির নাম লেখো ও ব্যাখ্যা করো।

(গ) তানপ্রধান ছন্দের শোষণ ক্ষমতা উদাহরণসহ ব্যাখ্যা করো।

৫

(ঘ) “বাঙালির প্রাণ, বাঙালির মন, বাঙালির ঘরে যত ভাই বোন –
এক হউক, এক হউক, এক হউক হে ভগবান।”

৫

— এই অংশের ছন্দোলিপি প্রণয়ন করো।

—x—